JAN 1 1 2006

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭৩ ... ৭ ...

# ছাত্রদলের দুগ্রুপের সমঝোতা মিলাদ, মিষ্টি খাওয়াখাওয়ি

কাগজ প্রতিবেদক : জাতীয়তাবাদী ছাত্রদলের নতুন কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দ শেষ পর্যন্ত গতকাল বুধবার সন্ধ্যায় নয়াপল্টনে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে শান্তিপূর্ণভাবে ঢুকতে সক্ষম হয়েছেন। গত ২৩ ডিসেম্বর ছাত্রদলের নয়া কমিটি ঘোষণার পর থেকে এই কেন্দ্রীয় কার্যালয় সংগঠনের বিদ্রোহী গ্রুপের নিয়ন্ত্রণে ছিল। গতকাল দুপুরে ছাত্রদলের উভয় গ্রুপের মধ্যে এ বিষয়ে সমঝোতা প্রতিষ্ঠিত হওয়ার পর গত সন্ধ্যায় উভয় গ্রুপের নেতাকর্মীরা কেন্দ্রীয় কার্যালয়ে একযোগে ঢুকে মিলাদ মাহফিল ও মিষ্টিমুখ করে তাদের বিরোধের আপাত অবসান ঘটান।

জানা গেছে, গতকাল দুপুরে ডিওএইচএস-এ বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক আমানউল্লাহ আমানের বাসভবনে ছাত্রদলের নয়া কেন্দ্রীয় সভাপতি নাসিরউদ্দিন আহমেদ পিন্টু ও সাধারণ সম্পাদক শাহাবুদ্দিন লাল্টুর সঙ্গে বিদ্রোহী গ্রুপের নেতৃবৃন্দের বৈঠক অনুষ্ঠিত হয়। বিদ্রোহীদের মধ্যে নয়া সাংগঠনিক সম্পাদক এবিএম মোশাররফ হোসেন, মহানগর ছাত্রদলের (উত্তর) সভাপতি মামুন হাসান, জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ শাখার সভাপতিসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

দুপুরের বৈঠকে সমঝোতা অনুযায়ী সন্ধ্যা পৌনে ৭ টায় ছাত্রদলের উভয় গ্রুপের নেতৃবৃন্দ নয়া পল্টনে বিএনপি কেন্দ্রীয় দপ্তরের চারতলায় ছাত্রদলের কেন্দ্রীয় কার্যালয়ে প্রবেশ করেন। এ সময় মহানগর ছাত্রদলের (দক্ষিণ) সভাপতি সাগীর আহমদও উপস্থিত ছিলেন। তারা মৌলভী ডেকে মিলাদ পড়ান এবং মিলাদ শেষে পরস্পরকে মিষ্টিমুখ করান। এ সময় বিএনপির কোনো নেতা অবশ্য উপস্থিত ছিলেন না। গতরাতে ভোরের কাগজ-এর এক প্রশ্নের জবাবে ছাত্রদলের সাধারণ সম্পাদক শাহাবুদ্দিন লাল্টু জানান, ছাত্রদল নেতৃবৃন্দ গতকাল কেন্দ্রীয় কার্যালয়ে গিয়ে আগামীকাল (আজ বৃহস্পতিবার) পল্টন ময়দানে অনুষ্ঠেয় বিএনপির জনসভায় সকলের যোগদানের বিষয়ে আলোচনা করেছেন।